

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১২৫১

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ দুই কুন্নার কম পানিতে পেশাব করার ব্যাপারে হুশিয়ারী ঐ ব্যক্তির জন্য যার নিয়ত রয়েছে যে সে তাতে পরে গোসল করবে

ذَكَرُ الزَّجَرِ عَنْ أَنْ يَبُولَ الْمَرْءُ فِي الْمَاءِ الَّذِي دُونَ الْقُلْتَيْنِ وَمَنْ نِيَّتُهُ الْإِغْتِسَالُ مِنْهُ بَعْدَهُ

আরবী

1251 - أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ أَبِي أُمَيَّةَ بِطَرَسُوسَ قَالَ: حَدَّثَنَا حَامِدُ بْنُ يَحْيَى الْبَلْخِيُّ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ أَبِي الزِّنَادِ عَنْ مُوسَى بْنِ أَبِي عُثْمَانَ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا يَبُولَنَّ أَحَدُكُمْ فِي الْمَاءِ الدَّائِمِ الَّذِي لَا يَجْرِي ثُمَّ يَغْتَسِلُ مِنْهُ)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1251 | خلاصة حكم المحدث: صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ: سَمِعْتُ ابْنَ أَبِي أُمَيَّةَ يَقُولُ: سَمِعْتُ حَامِدَ بْنَ يَحْيَى يَقُولُ: سَمِعْتُ سُفْيَانَ يَقُولُ: سَمِعْتُ ابْنَ أَبِي الزِّنَادِ عَنْ مُوسَى بْنِ أَبِي عُثْمَانَ أَرْبَعَةً وَنَسِيتُ وَاحِدًا يَعْنِي: أَرْبَعَةَ أَحَادِيثَ.

বাংলা

১২৫১. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমাদের কেউ যেন অবশ্যই অচল আবদ্ধ পানিতে পেশাব না করে যে, তারপর সে তাতে গোসল করবে।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “আমি ইবনু আবী উমাইয়্যাহকে বলতে শুনেছি, তিনি বলেছেন, আমি হামিদ বিন ইয়াহইয়াকে বলতে শুনেছি, তিনি বলেছেন, আমি সুফইয়ানকে বলতে শুনেছি, তিনি বলেন, আমি ইবনু আবিল যিনাদকে বলতে শুনেছি, তিনি মুসা বিন আবু উসমান থেকে চারটি হাদীস বর্ণনা করেছেন। তন্মধ্যে

আমি একটি হাদীস ভুলে গিয়েছি।”

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩০২; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/২০; নাসাঈ: ১/১২৫; সহীহ ইবনু খুযাইমাহ: ৬৬; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৪; সুনান বাইহাকী: ১/২৫৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৬৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90565>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন